

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
Website: [www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.০৬২.২০১৭- ২১৪৬


তারিখঃ ১৪-০৫-২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ রীট পিটিশন নং-২৬৬৩/২০১৭ এর বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্রঃ অর্থ বিভাগের স্মারক নং- ০৭.০০.০০০০.০৮৭.০৪.০৭২.১৭-৫৩৭ তাং-২০-০৪-২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০০০ (দুই হাজার)টি ইউনিয়ন পরিষদের হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর পদে নিয়োগের ছাড়পত্র প্রদানের আদেশকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-২৬৬৩/২০১৭ দায়ের করা হয়। মহামান্য আদালত ০৬ (ছয়) মাসের Status Quo বজায় রাখার আদেশসহ রুল ইস্যুপূর্বক জবাব প্রদানের জন্য নির্দেশ দিয়েছেন। রীট পিটিশন নং- ২৬৬৩/২০১৭ এর বিগত ২৮-০২-২০১৭ তারিখের হাইকোর্ট বিভাগের অন্তর্বর্তীকালীন আদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে সিভিল পিটিশন ফর লীড টু-আপীল নং ১১৬৭/২০১৭ দায়ের করা হয়। উক্ত সি.পি মামলাটি ০৯.০৪.২০১৭ তারিখে উভয় পক্ষের পূর্ণাঙ্গ সুনানীর পর মাননীয় প্রধান বিচারপতির সভাপতিত্বে চার সদস্য বিশিষ্ট আপীল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চ বেশ কিছু নির্দেশনাসহ নিষ্পত্তি করেন মর্মে নিয়োজিত বিজ্ঞ প্যানেল আইনজীবী তাঁর ১০.০৪.২০১৭ তারিখের মতামতে উল্লেখ করেছেন। মহামান্য আপীল বিভাগের আদেশের কপি এখনো পাওয়া যায়নি।

সংযুক্তিঃ বর্ণনামতে ----- ফর্দ।

  
(মোঃ মাহাবুবুর রহমান)  
উপসচিব (আইন-১)  
☎ ৯৫৪০৯৯৫

সিনিয়র সচিব

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

[(দৃঃ আকর্ষণঃ সিনিয়র সহকারী সচিব, আইন কোষ-১)]

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০২। উপসচিব (ইউ,পি-২) শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ০৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। অফিস কপি।